

বেসলাইন সারসংক্ষেপ রিপোর্ট



Social Cohesion Guide

social cohesion বেসলাইন রিপোর্টের সারাংশ

social cohesion বেসলাইন সারাংশ হল এমন একটি রিপোর্ট যা বর্ণনা করে যে বর্তমানে উপলব্ধ তথ্যের উপর ভিত্তি করে Aotearoa নিউজিল্যান্ডে social cohesion-কে কেমন দেখায়। এটি ভবিষ্যতে social cohesion পরিমাপের জন্য সূচনা একটি শুরু করার জায়গা প্রদান করে

Aotearoa নিউজিল্যান্ডে, যখন মানুষ পরস্পরের সাথে সংযোগ স্থাপন করে এবং একে অপরের সঙ্গে অন্তর্ভুক্তির অনুভূতি লাভ করে, অংশগ্রহণ করতে পারে, স্বীকৃত এবং সম্মানিত হয়, পক্ষপাতহীনভাবে অন্তর্ভুক্ত করা হয় এবং অন্যদের এবং সরকারী সংস্থার উপর আস্থা থাকে তখন আমাদের সমাজে social cohesion রয়েছে।

social cohesion অর্জনের জন্য, মানুষ যেখানে বাস করে, কাজ করে, খেলে এবং শেখে সেই জায়গাগুলি অবশ্যই নিরাপদ, অন্তর্ভুক্তিমূলক এবং সহায়ক হতে হবে; এবং আমাদের সমাজের ব্যবস্থা এবং পরিষেবাগুলি অবশ্যই পক্ষপাতশূন্য হতে হবে এবং বিভিন্ন চাহিদা এবং সমস্যাগুলিতে সাড়া দিতে সক্ষম হতে হবে।

Aotearoa নিউজিল্যান্ডে social cohesion পরিমাপ করার কোন একক রাস্তা নেই, তাই আমাদের social cohesion আসলে কেমন তা বোঝার জন্য আমাদের তথ্য এবং ডেটার একাধিক উৎস ব্যবহার করতে হবে। আমরা 2016 থেকে 2021 সালের মধ্যে সংগ্রহ করা বর্তমান তথ্যের উৎস এবং সমীক্ষা ব্যবহার করেছি। সাধারণত, social cohesion সম্পর্কিত ইতিবাচক তথ্য ছিল, কিন্তু কখনও কখনও তথ্যগুলি social cohesion সম্পর্কিত আরও জটিল সমস্যাগুলি প্রতিফলিত করে না। উদাহরণস্বরূপ, যে তথ্য সংগ্রহ করা হয় তা সর্বদা সমাজের ছোট ছোট গোষ্ঠীর social cohesion বোঝার জন্য ব্যবহার করা যায় না।

এই তথ্য থেকে জানা যায় যে, Aotearoa নিউজিল্যান্ডে বসবাসকারী অনেক মানুষেরই উচ্চ-স্তরের অন্তর্ভুক্তি, আস্থা, অংশগ্রহণ এবং সুস্থতা রয়েছে। তবে এটি এও প্রকাশ করে যে এটি সমস্ত মানুষের অভিজ্ঞতা নয়। উদাহরণস্বরূপ, Māori সম্পর্কে তথ্য দেখায় যে তাদের পরিবার ও সংস্কৃতির মাধ্যমে তাদের উচ্চ-স্তরের অন্তর্ভুক্তি রয়েছে, তবে সরকারের প্রতি আস্থা এবং শিক্ষা, কর্মসংস্থান এবং ভোটদানে অংশগ্রহণ নিম্ন স্তরের।

এছাড়া তথ্য এটিও দেখায় যে Aotearoa নিউজিল্যান্ডে বৈষম্য social cohesion এর জন্য একটি গুরুত্বপূর্ণ বাধা। কিছু গোষ্ঠী উচ্চস্তরের বৈষম্যের সম্মুখীন হয়, যেমন পুনর্বাসিত মানুষ (শরণার্থী) এবং এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয় দ্বীপপুঞ্জের অভিবাসী, একক বাবা-মা এবং বেকার মানুষ। অনেকের একই সাথে একাধিক ধরনের বৈষম্যের অভিজ্ঞতা হয়েছে যা তাদের নেতিবাচক অভিজ্ঞতাকে আরো দৃঢ় করেছে। উদাহরণস্বরূপ, নারী এবং রেইনবো সম্প্রদায়গুলি (LGBTQIA+) সামগ্রিকভাবে আরো বেশি বৈষম্যের অভিজ্ঞতা অর্জন করেছে, তবে তাদের জাতিগত বৈশিষ্ট্য বা অক্ষমতা ইত্যাদির উপর ভিত্তি করে এই গোষ্ঠীর লোকেরা যে বৈষম্যের সম্মুখীন হয়েছে তার মধ্যে পার্থক্য ছিল।

পরিশেষে, তথ্যটি দেখায় যে সরকার এবং সরকারী পরিষেবাগুলিতে সিনিয়র নেতৃত্বের ভূমিকা আরও জাতিগতভাবে বৈচিত্র্যপূর্ণ হতে পারে। এটি আরও ভালভাবে Aotearoa নিউজিল্যান্ডের সমাজের কাঠামোকে প্রতিফলিত করবে।

কোভিড-19 Aotearoa নিউজিল্যান্ডে ইতিবাচক ও নেতিবাচক দু'ভাবেই social cohesion-এর উপর প্রভাব ফেলেছে। উদাহরণস্বরূপ, সম্প্রদায়গুলি একে অপরকে সমর্থন করার জন্য একত্রিত হয়েছে, কিন্তু অনেকে তাদের পরিবার এবং বন্ধুদের সামনা-সামনি দেখতে পারেনি এবং মহামারীটি শারীরিক ও মানসিক স্বাস্থ্য সমস্যা বাড়িয়েছে। কোভিড-19 মহামারীর অন্যান্য প্রভাব এখনও হচ্ছে।

